

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ০৫ মার্চ, ২০২৪ খ্রি.


প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৫/০৩/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উপপরিচালক ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট জনাব এ এচ এম আসিফ বিন ইকরাম এর নেতৃত্বে গাইবান্ধা জেলায় 'আমার ফুড' খাদ্য স্থাপনায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে কারখানাটির পরিবেশ অসন্তোষজনকরূপে প্রমাণিত হয়। মেঝেতে খাদ্যপণ্য হলুদ প্রক্রিয়াকরণসহ অস্বাস্থ্যকর অবস্থায় তেল সংরক্ষণ করতে দেখা যায়। লেবেলে বিভ্রান্তিকর তথ্য পরিলক্ষিত হয়। এসকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানটিকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে 'আমার ফুড' কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সুনির্দিষ্ট নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত জ্ঞান প্রদান করা হয়।

অভিযানকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা নিরাপদ খাদ্য অফিসার জনাব মো: মিলন মিয়া, সাদুল্লাপুর উপজেলা নিরাপদ খাদ্য পরিদর্শক মো: গোলাম রাব্বানী, সদর উপজেলা নিরাপদ খাদ্য পরিদর্শক মীর শরিফুল ইসলাম, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য স্টাফ এবং গাইবান্ধা জেলা পুলিশ সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।



(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।